গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পায়রা বন্দর কর্তৃপক্ষ
সচিব
www.ppa.gov.bd
কলাপাড়া, পটুয়াখালী

**পায়রা বন্দর কর্তৃপক্ষের নৈতিকতা কমিটির ২০২৩-২৪ এর ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | রিয়ার এডমিরাল গোলাম সাদেক, বিএন<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | ১৬ আগস্ট ২০২৩ |
| সভার সময় | সকাল ১১:০০ টা |
| স্থান | পিপিএফটি কনফারেন্স কক্ষ, পায়রা বন্দর কর্তৃপক্ষ |
| উপস্থিতি | [সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট ‘ক’- উপস্থিতি/হাজিরা শিট দ্রষ্টব্য] |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে নৈতিকতা কমিটির সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সচিব, পায়রা বন্দর কর্তৃপক্ষ ধারাবাহিকভাবে সভার কার্যপত্র ও আলোচ্য বিষয়াদি উপস্থাপন করেন। অতঃপর সকলের মতামত ও বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | নৈতিকতা কমিটির সভা আয়োজন | সচিব, পাবক সভায় অবহিত করেন যে, পায়রা বন্দর কর্তৃপক্ষের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা- ২০২৩-২০২৪ অনুসারে চলতি অর্থবছরে নৈতিকতা কমিটির ৪টি সভা (প্রতি কোয়ার্টারে ১টি) আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। প্রসঙ্গ আলোচনায় সভাপতি মহোদয় মন্ত্রিপরিষদ বিভাগের প্রণীত শুদ্ধাচার গাইডলাইন অনুসরণপূর্বক নৈতিকতা কমিটির আলোচ্যসূচি নির্ধারণ এবং প্রতি কোয়ার্টারের শুরুতে সভা আয়োজন করার পরামর্শ প্রদান করেন। | ১. প্রতি কোয়ার্টারের শুরুতে (প্রথম মাসে) নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে।<br><br>২. মন্ত্রিপরিষদ বিভাগের প্রণীত শুদ্ধাচার গাইডলাইন অনুসরণপূর্বক নৈতিকতা কমিটির কার্যপত্র উপস্থাপন করতে হবে। | ১. সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, পাবক |
| ২ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন | চলতি অর্থবছরে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ৪ টি সভা (প্রতি কোয়ার্টারে ১টি করে) আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে মর্মে সচিব, পাবক সভায় অবহিত করেন। তিনি অংশীজনের অংশগ্রহণে সভার সকল রেকর্ড নোটস এবং হাজিরা প্রমাণক হিসেবে সংরক্ষণ করার বিষয়টি তুলে ধরেন। তৎপ্রেক্ষিতে সভাপতি মহোদয় বন্দরের ট্রাফিক বিভাগকে চলতি মাসে ফ্রেইট ফরোয়ার্ডস, সিএন্ডএফ এজেন্টসহ অন্যান্য অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন এবং এতদসংক্রান্ত সভা আয়োজনে কোন অন্তরায় থাকলে তা’ পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ১. আগামী ২৪ আগস্ট ২০২৩ খ্রি. তারিখে অংশীজনদের অংশগ্রহণে একটি সভা আয়োজন করতে হবে।<br><br>২.অংশীজনদের অংশগ্রহণে সভা আয়োজনে কোন প্রতিবন্ধকতা/ অন্তরায় থাকলে তা’ চিহ্নিতপূর্বক পরবর্তী নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে। | ১.পরিচালক (ট্রাফিক), পাবক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ২০২৩-২৪ অর্থবছরে শুদ্ধাচার সংক্রান্ত ২ টি প্রশিক্ষণসহ এপিএ'র অন্যান্য কার্যক্রম যেমন- তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। শুদ্ধাচারসহ অন্যান্য কম্পোনেন্টের প্রশিক্ষণ দ্রুত আয়োজন করার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ১. সেপ্টেম্বর, ২০২৩ মাসে শুদ্ধাচারসহ অন্যান্য কম্পোনেন্টের প্রশিক্ষণ আয়োজন করতে হবে।<br><br>২. প্রশিক্ষণ আয়োজনে কোন অন্তরায় বিদ্যমান থাকলে তা পরবর্তী নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে। | ১. সচিব, পাবক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার কৌশল কমিটি, পাবক<br><br>২.পরিচালক (প্রশাসন), পাবক |
| ৪ | কর্ম-পরিবেশ উন্নয়ন পরিষ্কার-পরিচ্ছন্নতা ও ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কর্মসূচি বাস্তবায়ন | সচিব, পাবক সভায় অবহিত করেন যে, চলতি অর্থবছরে বন্দরের কর্ম-পরিবেশ উন্নয়নে ২টি পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। প্রসঙ্গ আলোচনায় সভাপতি মহোদয় পায়রা বন্দরের কর্ম-পরিবেশ উন্নয়ন এবং ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব প্রতিরোধে দ্রুত পরিষ্কার- পরিচ্ছন্নতা ও মশক নিধন অভিযান পরিচালনা করার নির্দেশনা প্রদান করেন। | ১. ৩০ আগস্ট ২০২৩ খ্রি তারিখে বন্দরের কর্ম-পরিবেশ উন্নয়ন এবং ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব প্রতিরোধে একটি বিশেষ পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে। | ১. সচিব, পাবক ও সচিব বিভাগ<br><br>২.পরিচালক (প্রশাসন), পাবক ও প্রশাসন বিভাগ |
| ৫ | পাবকের বাজেট বাস্তবায়ন | চলতি অর্থবছরে শুদ্ধাচার পরিকল্পনা অনুযায়ী পাবকের বাজেট বাস্তবায়নের হার শতভাগ টার্গেট নির্ধারণ করা হয়েছে মর্মে সচিব, পাবক সভায় উপস্থাপন করেন। তিনি আরও উল্লেখ করেন যে, বাজেট বাস্তবায়নের জন্য ১ম কোয়ার্টারে ২০%, ২য় কোয়ার্টারে ৪০%, ৩য় কোয়ার্টারে ৬০% এবং ৪র্থ কোয়ার্টারে ১০০% লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ পর্যায়ে সভাপতি মহোদয় পায়রা বন্দরের সকল বিভাগকে লক্ষ্যমাত্রা অনুযায়ী বাজেট বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। | ১. পাবকের সকল বিভাগকে এপিপি অনুসারে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে বাজেট বাস্তবায়ন করতে হবে।<br><br>২. বাজেট বাস্তবায়নে উল্লেখযোগ্য প্রতিবন্ধকতা থাকলে তা' পরবর্তী নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে। | ১.সকল বিভাগীয়/ উপবিভাগীয় প্রধান, পাবক<br><br>২.উপপরিচালক (বাজেট), পাবক |
| ৬ | সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | সচিব, পাবক সভায় উপস্থাপন করেন যে, সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে পাবকের ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার পরিকল্পনায় ৪টি প্রত্যয়নপত্র দাখিলের লক্ষ্যমাত্রা রয়েছে। তিনি পাবকের সংশ্লিষ্ট বিভাগকে নির্ধারিত সময়ে প্রত্যয়নপত্র প্রেরণের অনুরোধ করেন। | ১. নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকল্পে প্রত্যয়নপত্র প্রেরণ করতে হবে। | ১. মোটর ট্রান্সপোর্ট অফিসার, পাবক |
| ৭ | পায়রা বন্দরের অডিট আপত্তিসমূহের দ্রুত নিস্পত্তিকরণ | সভাপতি মহোদয় পাবকের অডিট আপত্তিসমূহ দ্রুত নিস্পত্তির লক্ষ্যে কার্যক্রম বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। অডিট আপত্তিসমূহ নিস্পত্তির ক্ষেত্রে কোনো সমস্যা বা অন্তরায় থাকলে তা' পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ১. পাবকের অডিট আপত্তিসমূহ পর্যায়ক্রমে দ্রুত নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২. লক্ষ্যমাত্রা অর্জনে কোন অন্তরায় থাকলে তা' পরবর্তী নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে। | ১. সকল বিভাগীয় প্রধান/উপবিভাগীয় প্রধান, পাবক<br><br>২.উপপরিচালক (অডিট), পাবক |
| ৮ | বন্দর এলাকায় বর্জ্য অপসারণ ও অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান | সচিব, পাবক সভায় উপস্থাপন করেন যে, পাবকের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ অনুসারে চলতি অর্থবছরে বন্দর এলাকায় বর্জ্য অপসারণ ও অবৈধ স্থাপনা উচ্ছেদের লক্ষ্যে ১২ টি অভিযান পরিচালনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। প্রসঙ্গ আলোচনায় সভাপতি মহোদয় উচ্ছেদ অভিযানের তারিখ ও নোটিশ উল্লেখপূর্বক কার্যক্রম গ্রহণার্থে পাবকের সংশ্লিষ্ট বিভাগকে নির্দেশনা প্রদান করেন। | ১. উচ্ছেদ অভিযানের নোটিশ ও তারিখ সহযোগে প্রতি মাসে ১ টি করে উচ্ছেদ অভিযান পরিচালনা করতে হবে। এ সংক্রান্ত যাবতীয় ডকুমেন্টস সংরক্ষণ করতে হবে।<br><br>২. বর্জ্য অপসারণ ও অবৈধ স্থাপনা উচ্ছেদ সংক্রান্তে প্রতিবন্ধকতা থাকলে তা' চিহ্নিত ও অবহিত করতে হবে। | ১.পরিচালক (ট্রাফিক), পাবক<br><br>২. হারবার মাস্টার, পাবক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | দুর্নীতি প্রতিরোধে এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে টিভিসি ও সোশ্যাল মিডিয়া ক্যাম্পেইন পরিচালনা | চলতি অর্থবছরে দুর্নীতি প্রতিরোধে এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ২টি টিভিসি ও সোশ্যাল মিডিয়া ক্যাম্পেইন পরিচালনার লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি মহোদয় উল্লিখিত কার্যক্রম পরিচালনার পাশাপাশি ফেইসবুক ও ইউটিউব বুস্টিংসহ অন্যান্য সোশ্যাল মিডিয়া ক্যাম্পেইন পরিচালনা করার নির্দেশনা প্রদান করেন। | ১. নির্ধারিত সময়ে টিভিসি ও সোশ্যাল মিডিয়া ক্যাম্পেইন পরিচালনা করতে হবে এবং উল্লিখিত কার্যক্রম পরিচালনায় কোন অন্তরায় থাকলে তা' চিহ্নিত করে সভায় উপস্থাপন করতে হবে। | ১.উপপরিচালক (ব্রেক বাল্ক) ও জনসংযোগ কর্মকর্তা, পাবক |
| ১০ | বন্দরে আগত ব্যক্তিবর্গকে নিরাপত্তা চেকিং এর মাধ্যমে বন্দর সীমানায় প্রবেশের অনুমতি প্রদান। | সভাপতি মহোদয় বন্দরের নিরাপত্তা জোরদারকরণে গৃহীত কার্যক্রমের বিষয়ে উপরিচালক (নিরাপত্তা)- এর নিকট হতে জানার জন্য আহবান জানান। উপপরিচালক (নিরাপত্তা) জানান যে, ডিজিটাল এন্ট্রির বিষয়ে প্রাক্কলন কমিটি গঠন করা হয়েছে এবং শীঘ্রই পান্স কার্ড ব্যবহার করে নিরাপত্তা চেকিং নিশ্চিত করা হবে। | ১. লক্ষ্যমাত্রা অনুযায়ী নিরাপত্তা সংক্রান্ত প্রমাণক প্রতি কোয়ার্টারে সচিব বিভাগে প্রেরণ করতে হবে।<br><br>২.গৃহীত কার্যক্রম বাস্তবায়নে কোন অন্তরায় থাকলে তা' চিহ্নিত করে সভায় উপস্থাপন করতে হবে। | ১. উপপরিচালক (নিরাপত্তা), পাবক |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭-০৮-২০২৩
রিয়ার এডমিরাল গোলাম সাদেক, বিএন
চেয়ারম্যান

**নম্বর:** ১৮.২১.৭৮৬৬.০০২.৯৯.০০১.২৩.৪৮

তারিখ: ২ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১৭ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সকল সদস্য, পায়রা বন্দর কর্তৃপক্ষ;
২। সকল বিভাগীয় প্রধান/ উপ- বিভাগীয় প্রধান, পায়রা বন্দর কর্তৃপক্ষ;
৩। সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, পায়রা বন্দর কর্তৃপক্ষ এবং
৪। পিএস টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), পায়রা বন্দর কর্তৃপক্ষ।।

১৮-০৮-২০২৩
মো: সোহরাব হোসেন
সচিব